



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
পটিয়া, চট্টগ্রাম।
www.dgfood.gov.bd
www.food.patiya.chittagong.gov.bd

স্মারক নং- ১৩.০১.১৫৬১.০০২.৫৮.০০১.২২.-৯২।

তারিখ : ১৯/০২/২০২৪ খ্রি.

খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

অদ্য ১৯/০২/২০২৪ খ্রি: তারিখ অনুষ্ঠিত উপজেলা খাদ্যবান্ধব কমিটির সভার অনুমোদন ক্রমে পটিয়া উপজেলার খরনা ইউনিয়নের খাদ্যবান্ধব ডিলারের শূন্য পদে ০১(এক) জন খাদ্য বান্ধব ডিলার জরুরী ভিত্তিতে নিয়োগ করা হবে। ডিলার প্রার্থী হতে ইচ্ছুক খরনা ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে আগামী ০৩/০৩/২০২৪ খ্রি: তারিখের মধ্যে ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, ব্যাংক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতা সনদ, হালনাগাদ ইউনিয়ন ট্রেড লাইসেন্স, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি ও দোকানের কাগজ প্রতাদি সহ নিম্ন স্বাক্ষরকারী দপ্তরে আবেদন দাখিলের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ডিলার হতে আগ্রহীদের নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবেঃ

০১. ডিলারকে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও কমপক্ষে ১৮ (আঠার) বছর বয়সী হতে হবে;
০২. উল্লেখিত ইউনিয়নে জনবহুল হাট/বাজার ডিলারের নিজস্ব/ভাড়ায় দোকান থাকতে হবে;
০৩. দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে ও খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসমত ভাবে সংরক্ষণ উপযোগী হতে হবে;
০৪. ডিলারের দোকানে কমপক্ষে ১৫(পনের) মেঃটন চাল/গম সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে;
০৫. ডিলারকে আর্থিক ভাবে স্বচ্ছল ও মালামালের হিসাব সংরক্ষণ সক্ষম হতে হবে;
০৬. একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক ডিলার হতে পারবেন না;
- ০৭ কোন সরকারি কর্মচারি কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;
০৮. আবেদনকারীকে খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িক বরখাস্ত, কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্ৰাপ্ত এমন ব্যক্তি ডিলার হতে পারবেন না;
০৯. ডিলার হিসেবে পূর্বে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে;
১০. নির্বাচিত ডিলারকে ২০,০০০/- (বিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা রাখতে হবে এবং ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার নামা প্রদান করতে হবে।

৫/১৫

(সামছুম্মাহার স্বর্ণা)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অ:দা:)
পটিয়া, চট্টগ্রাম
ও
সদ্যস সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
পটিয়া, চট্টগ্রাম।

স্মারক নং- ১৩.০১.১৫৬১.০০২.৫৮.০০১.২২.-৯২।

তারিখ : ১৯/০২/২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে।

- ১। মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ, চট্টগ্রাম-১২।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পটিয়া, চট্টগ্রাম।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া, চট্টগ্রাম।
- ৫। সহকারী কমিশনার, ভূমি, পটিয়া, চট্টগ্রাম।
- ৬। চেয়ারম্যান, খরনা ইউনিয়ন পরিষদ, পটিয়া, চট্টগ্রাম।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পটিয়া এলএসডি, পটিয়া, চট্টগ্রাম।
- ৮। খাদ্য পরদর্শক, অত্র কার্যালয়।
- ৯। অফিস কপি।

১৯/০২/২৪

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
পটিয়া, চট্টগ্রাম